

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার

জাতীয়রাজস্ববোর্ড

রাজস্বভবন

সেগুনবাগিচা, ঢাকা।

(শুল্ক নীতি)

স্থায়ী আদেশ নং ০১/২০১৮

তারিখঃ ৩১মার্চ ২০১৮খ্রিঃ।

বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৫৭-আইন/২০০০/১৮২১/শুল্ক, তারিখঃ ২৩-০২-২০০০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ মোতাবেক পণ্য চালান মূল্যায়নপূর্বক শুল্কায়ন কর্মপদ্ধতি।

আমদানি পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরূপণপূর্বক শুল্কায়নের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৫৭-আইন/২০০০/১৮২১/শুল্ক, তারিখঃ ২৩-০২-২০০০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ মোতাবেক পণ্য চালান নিম্নরূপ পদ্ধতিতে মূল্যায়নপূর্বক শুল্কায়নযোগ্য হবেঃ

- (১) **বিল অব এন্ট্রি (বিই) ও ডাটা এন্ট্রি শীট (ডিইএস):** আমদানিকারক অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক এ্যাসাইকুডা ওয়ার্ল্ড (এ্যাও) সিস্টেমএ বিই এর তথ্য সন্নিবেশ এবং ডিইএস প্রণয়নকালে আমদানি দলিলাদি (এলসিএ, এলসি, ইনভয়েস, প্রোফর্মা ইনভয়েস/ইন্ডেন্ট, বিল অব এক্সচেঞ্জ, বিল অব ল্যাডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিপ্ট বা পণ্য জাহাজীকরণ/ যানজাতকরণ সংক্রান্ত দলিল, প্যাকিং লিস্ট, কান্ট্রি অব অরিজিন ও অন্যান্য সার্টিফিকেট ইত্যাদি)তে উল্লিখিত পণ্যের **বাণিজ্যিক বিবরণ** (পণ্যের বর্ণনা বা নাম, ব্র্যান্ড, আর্ট ও পার্ট নম্বর, স্পেসিফিকেশন, আকার ও আকৃতি, প্রকৃতি ইত্যাদি); **এইচএস কোড, বাণিজ্যিক এককে পরিমাণ** (সংখ্যা/একক/ইউনিট, ইঞ্চি/ফুট/গজ/মিলি/সেন্টি/ডেসি মিটার/লিটার, বর্গ বা ঘন ইঞ্চি/ফুট/ গজ/মিলি/ সেন্টি/ডেসি মিটার/লিটার ইত্যাদি); **কান্ট্রি অব অরিজিন** (সিওও); **ঘোষিত একক ও মোট মূল্য; মোট ও নীট ওজন** (কিলোগ্রাম) ইত্যাদি উল্লেখ করবেন;
- (২) **মূল্য ঘোষণা ফরম (ভিডিএফ) পূরণ ও দাখিলঃ** আমদানিকারক অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃকশুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধি ১১(১)(ক) এর বিধান মোতাবেক উক্ত বিধিমালার পরিশিষ্ট এর মূল্য ঘোষণা ফরমেআমদানি দলিলাদিতে উল্লিখিত তথ্যাদি সন্নিবেশপূর্বক উক্ত ফরম পূরণ করে উক্ত ফরম আমদানি দলিলাদিসহবিই ও ডিইএসএর সাথে শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন;
- (৩) **আমদানি দলিলাদি এবং ঘোষণার যথার্থতা যাচাইঃ** সংশ্লিষ্ট শুল্কায়ন গুপের দায়িত্বপ্রাপ্ত এ্যাসিস্টেন্ট রেভেন্যু অফিসার (এআরও) ও রেভেন্যু অফিসার (আরও) কর্তৃক-

(ক) আমদানিকারক অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক দাখিলকৃত আমদানি দলিলাদিতে উল্লিখিত তথ্যের সাথে এ্যাও সিস্টেমএর বিই, ডিইএস, ভিডিএফ ইত্যাদিতে উল্লিখিত (পণ্যের বাণিজ্যিক বিবরণ, এইচএস কোড, বাণিজ্যিক এককে মোট পরিমাণ, মোট ও নীট ওজন, কান্ট্রি অব অরিজিন, ঘোষিত একক ও মোট মূল্যসহ অন্যান্য বিষয়ের) তথ্যের যথার্থতা যাচাই করবেন; এবং

(খ) উক্তরূপ যাচাইয়ে আমদানিকারক বা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক দাখিলকৃত আমদানি দলিল বা ঘোষণার ভিত্তিতে পণ্যের যথাযথ শ্রেণীবিন্যাস করা এবং/অথবা মূল্যায়ন করা সম্ভব নয় বিবেচিত হলে, সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও উক্ত গ্রুপের তত্ত্বাবধানকারী ডেপুটি/ সহকারী কমিশনারের অনুমোদনক্রমে ক্ষেত্র বিশেষে পণ্যের আংশিক/শতভাগ কায়িক পরীক্ষা/পরিদর্শনপূর্বক পণ্যের সঠিক পরিমাণ, পরিমাপ, সংখ্যা ইত্যাদি নিরূপণ; এবং/অথবা পণ্যের প্রতিনিধিত্বমূলক নমুনা উত্তোলন; এবং/অথবা পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস বা মূল্যায়নের নিমিত্তে সহায়ক তথ্যাদি বা মতামত সংগ্রহ করার ব্যবস্থা গ্রহণ করবেন;

(৪) **পণ্যের কায়িক পরীক্ষা বা নমুনা উত্তোলনঃ** সংশ্লিষ্ট পরীক্ষণ গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও উক্ত গ্রুপের তত্ত্বাবধানকারী ডেপুটি/ সহকারী কমিশনারের অনুমোদনক্রমে ক্ষেত্র বিশেষে পণ্যের আংশিক/শতভাগ কায়িক পরীক্ষা/পরিদর্শনপূর্বক পণ্যের বাণিজ্যিক বিবরণ, এইচএস কোড, বাণিজ্যিক এককে মোট পরিমাণ, মোট ও নীট ওজন, কান্ট্রি অব অরিজিন, ঘোষিত একক ও মোট মূল্যসহ অন্যান্য বিষয়ে সুনির্দিষ্ট মতামত প্রদান; এবং/অথবা পণ্যের প্রতিনিধিত্বমূলক নমুনা উত্তোলন; এবং/অথবা পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস বা মূল্যায়নের নিমিত্তে সহায়ক তথ্যাদি বা মতামত প্রদান করবেন;

(৫) **পণ্যের মূল্য তথ্য সংগ্রহ এবং প্রযোজ্য ক্ষেত্রে বিনিময় মূল্য পদ্ধতি অথবা অভিন্ন পণ্যের মূল্য পদ্ধতিতে পণ্যচালান মূল্যায়নের সিদ্ধান্ত প্রদানঃ** সংশ্লিষ্ট শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও কর্তৃক-

(ক) আমদানিকারক অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক দাখিলকৃত আমদানি দলিলাদিতে উল্লিখিত তথ্যের সাথে এ্যাও সিস্টেমএর বিই, ডিইএস, ভিডিএফ ইত্যাদিতে উল্লিখিত তথ্য সঠিক পাওয়াসহ সংশ্লিষ্ট পণ্য চালান কায়িক পরীক্ষার জন্য নির্বাচিত নাহলে; এবং দাখিলকৃত আমদানি দলিল বা ঘোষণার ভিত্তিতে পণ্যের যথাযথ শ্রেণীবিন্যাস এবং/অথবা মূল্যায়ন করার; এবং

(খ) পণ্যের কায়িক পরীক্ষা/পরিদর্শন এর মাধ্যমে পণ্যের বাণিজ্যিক বিবরণ, এইচএস কোড, বাণিজ্যিক এককে মোট পরিমাণ, মোট ও নীট ওজন, কান্ট্রি অব অরিজিন, ঘোষিত একক ও মোট মূল্যসহ অন্যান্য বিষয়ে সুনির্দিষ্ট মতামত সংগ্রহ; এবং/অথবা পণ্যের প্রতিনিধিত্বমূলক নমুনা উত্তোলন; এবং/অথবা পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস বা মূল্যায়নের নিমিত্তে সহায়ক তথ্যাদি

বা মতামত সংগ্রহের মাধ্যমে পণ্যের যথাযথ শ্রেণীবিন্যাস এবং/অথবা মূল্যায়ন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট শুল্কায়ন গুপের দায়িত্বপ্রাপ্ত এআরও ও আরও কর্তৃক এ্যাসাইকুডা ওয়ার্ল্ড মূল্য তথ্যভান্ডার থেকে মূল্যায়নাধীন চালান সংশ্লিষ্ট পণ্যের নিম্নবর্ণিত মূল্য তথ্য বিবরণী সংগ্রহ করবেনঃ

- (অ) ট্রানজেকশন ভ্যালু/ বিনিময় মূল্য পদ্ধতিতে মূল্যায়নের তথ্য বিবরণীঃ
- (আ) আইডেনটিক্যালগুডস/ অভিন্ন পণ্যের মূল্য পদ্ধতিতে মূল্যায়নের তথ্য বিবরণীঃ
- (ই) সিমিলারগুডস/ সমজাতীয় পণ্যের মূল্য পদ্ধতিতে মূল্যায়নের তথ্য বিবরণীঃ
- (ঈ) ডিডাকটিভ ভ্যালু/ অবরোহী পদ্ধতিতে মূল্যায়নের নিমিত্তে সাধারণ মূল্যতথ্য বিবরণীঃ

এবং প্রযোজ্য ক্ষেত্রে বিনিময় মূল্য পদ্ধতি অথবা অভিন্ন পণ্যের মূল্য পদ্ধতিতে পণ্যচালান মূল্যায়নের সিদ্ধান্ত প্রদান অথবা ডেপুটি/ সহকারী কমিশনার বরাবর পণ্যচালান মূল্যায়ন এবং শুল্কায়নের অন্যান্য প্রস্তাব উত্থাপন করবেন;

- (৬) পণ্যচালান মূল্যায়ন করার এবং শুল্কায়নের অন্যান্য প্রস্তাব উত্থাপনঃ এআরও ও আরও কর্তৃক মূল্যায়নাধীন চালান সংশ্লিষ্ট পণ্যের প্রয়োজনীয় মূল্য তথ্য এবং মতামত প্রদানসহ যথাযথ কর্তৃপক্ষের নিকট বিনিময় মূল্য/ অভিন্ন পণ্যের মূল্য/ সমতুল্য পণ্যের মূল্য বা সমজাতীয় পণ্যের মূল্য অথবা অবরোহী মূল্যায়ন পদ্ধতিতে পণ্যচালান মূল্যায়ন করার এবং শুল্কায়নের অন্যান্য প্রস্তাব উত্থাপনঃ

২। মূল্যায়নাধীন চালান সংশ্লিষ্ট পণ্যের মূল্য নির্ধারণঃ

- (১) সহকারী কমিশনার বা তদূর্ধ্ব পদমযাদার কর্মকর্তা কর্তৃক মূল্যায়নাধীন চালান সংশ্লিষ্ট পণ্যের মূল্য নির্ধারণ এবং শুল্কায়নের সিদ্ধান্ত প্রদানঃ সহকারী কমিশনার বা তদূর্ধ্ব পদমযাদার কর্মকর্তা কর্তৃক মূল্যায়নাধীন চালান সংশ্লিষ্ট পণ্যের মূল্য বিনিময় মূল্য/ অভিন্ন পণ্যের মূল্য/ সমতুল্য বা সমজাতীয় পণ্যের মূল্য পদ্ধতিতে মূল্যায়ন এবং শুল্কায়নের অন্যান্য প্রস্তাবের উপর সিদ্ধান্তপ্রদান অথবা কমিশনারের বরাবরে প্রস্তাব উত্থাপন;
- (২) কমিশনার বা তদূর্ধ্ব পদমযাদার কর্মকর্তা কর্তৃক মূল্যায়নাধীন চালান সংশ্লিষ্ট পণ্যের মূল্য নির্ধারণ এবং শুল্কায়নের সিদ্ধান্ত প্রদানঃ কমিশনার কর্তৃক বিনিময় মূল্য/ অভিন্ন পণ্যের মূল্য/ সমতুল্য বা সমজাতীয় পণ্যের মূল্য পদ্ধতিতে মূল্যায়ন এবং শুল্কায়নের অন্যান্য প্রস্তাবের উপর সিদ্ধান্ত প্রদান; অথবা/ এবং
- (৩) কমিশনার কর্তৃক স্বয়ং অথবা তদকর্তৃক গঠিত “পণ্যের শুল্ক মূল্য নির্ধারণসংক্রান্ত কমিটি” কর্তৃক ডিডাকটিভ ভ্যালু বা অবরোহী মূল্যায়ন পদ্ধতিতে পণ্যচালান মূল্যায়ন এবং শুল্কায়নের সিদ্ধান্ত প্রদানঃ
 - (ক) কমিশনার আমদানিকৃত পণ্যের বাণিজ্যিক বিবরণ, বাণিজ্যিক পরিমাণ, বাণিজ্যিক স্তর/লেভেল, পণ্যের মোট ও নীট ওজন (কিলোগ্রাম), পণ্যের নমুনা/ লিটারেচার/ ক্যাটালগ, কান্ডি অব অরিজিন ইত্যাদি পর্যালোচনা পূর্বক মূল্যায়নাধীন পণ্য অভ্যন্তরীণ বাজারে সর্বাধিক

পরিমাণ যে সর্বনিম্ন একক মূল্যে বিক্রয় হয় উক্ত মূল্য থেকে উক্ত পণ্যের উপর প্রজোয্য শুল্ক-
কর, আমদানিকারক বা তাঁর মনোনীত প্রতিনিধি এবং/অথবা প্রয়োজনবোধে সংশ্লিষ্ট অন্যকোন
ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে বাস্তবসম্মত তথ্যের ভিত্তিতে নিরুপিত
অভ্যন্তরীণ পরিবহণ, বীমা, গুদামজাতকরণ ইত্যাদি ব্যয়সহ খুচরা বা পাইকারী বা
আমদানিকারক পর্যায়ের মুনাফাইত্যাদি বাদ দিয়ে ডিডাকটিভ ভ্যালু/ অবরোহী মূল্য পদ্ধতিতে
সংশ্লিষ্ট পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরুপন করবেন; অথবা

(খ) **কমিশনার কর্তৃক মনোনীত** অতিরিক্ত কমিশনার এর সভাপতিত্বে সংশ্লিষ্ট পণ্যের শুল্কায়ন
গ্রুপের তত্ত্বাবধানকারী যুগ্ম-কমিশনার, ডেপুটি/সহকারী কমিশনার, আরও ও এআরও,
আমদানিকারক বা তাঁর প্রতিনিধি, উক্ত কমিটির সভাপতি কর্তৃক মনোনীত এক বা একাধিক
অন্যকোন প্রতিনিধির সমন্বয়ে গঠিত **“পণ্যের শুল্ক মূল্য নির্ধারণ সংক্রান্ত কমিটি”**
কর্তৃক উপানুচ্ছেদ ৩(ক) এ বর্ণিত পদ্ধতিতে ডিডাকটিভ ভ্যালু/ অবরোহী মূল্য পদ্ধতিতে সংশ্লিষ্ট
পণ্যের মূল্য নির্ধারণের বিষয়ে কমিশনারের নিকট সুপারিশ পেশ করবেন।

৩। **এ্যাও সিস্টেমে মূল্যায়ন ও শুল্কায়নের তথ্য এন্ড্রিকরণঃ** এআরও ও আরও কর্তৃক এ্যাও সিস্টেমএ পণ্যের
বাণিজ্যিক বর্ণনা, বাণিজ্যিক একক, পরিমাণ বা পরিমাপ, পণ্যের মূল্যায়ন পদ্ধতি, শুল্কায়নযোগ্য একক ও
মোট মূল্য ইত্যাদি তথ্য সন্নিবেশ বা এন্ড্রিকরণ এবং শুল্কায়ন নিশ্চিতকরণ।

৪। **প্রাত্যহিক মূল্যায়নকৃত ও শুল্কায়িত চালানের তথ্য বিবরণী প্রণয়ন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট
দাখিলঃ** প্রতিটি শুল্কায়ন গ্রুপের দায়িত্বপ্রাপ্ত আরও ও এআরওগণ প্রত্যেক কর্মদিবস শেষে উক্ত কর্মদিবসে
মূল্যায়নকৃত ও শুল্কায়িত চালানের তথ্য এ্যাও সিস্টেমে এন্ড্রিকরণ সংক্রান্ত বিবরণী প্রণয়ন করবেন এবং
উক্ত বিবরণী শুল্কায়ন গ্রুপের তত্ত্বাবধানের দায়িত্বপ্রাপ্ত ডেপুটি/ সহকারী কমিশনার বা তদূর্ধ্ব পদমযাদার
কর্মকর্তার নিকট দাখিল করবেন।

৫। **মাসভিত্তিক মূল্যায়নকৃত ও শুল্কায়িত চালানের অভ্যন্তরীণ নিরীক্ষাঃ**

(মোঃ ফিরোজ শাহ আলম)

সদস্য (শুল্কনীতিও আইসিটি)

ই-মেইলঃ fsa9662@gmail.com

নথিনং- ০৮.০১.০০০০.০৫৭.০১.১৩.১৭/১২

তারিখঃ ৩১মার্চ ২০১৮খ্রিঃ।

কার্যক্রমের জন্য বিতরণ (জ্যেষ্ঠতারক্রমানুসারেনয়):

১-৬। কমিশনার, কাস্টমহাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/বেনাপোল/মোংলা/পানগাঁও।

৭-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ রাজশাহী/ চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ রংপুর/ খুলনা/ যশোর/ বৃহৎকরদাতাইউনিট (মুসক)/ (আপীল), ঢাকা-১/ (আপীল), ঢাকা-২ / (আপীল), চট্টগ্রাম/ (আপীল), খুলনা।

২৩-২৫। মহাপরিচালক,

কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মুসক, ঢাকা।

২৬। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

২৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

২৯। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

৩০। মহাব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, (সকল বাণিজ্যিক ব্যাংককে (Authorized Dealer শাখা) অবহিত করার অনুরোধসহ)।

৩১। মহাব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, (সকল বাণিজ্যিক ব্যাংককে (Authorized Dealer শাখা) অবহিত করার অনুরোধসহ)।

৩২। সভাপতি, C&F Agents Association (সকল কাস্টমহাউস এবং শুল্ক স্টেশন)।

৩৩। সভাপতি, The Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI), ৬০, মতিঝিল, বা/এ, ঢাকা।

৩৪। সভাপতি, Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), ২৩/১, পাশুপথ, লিংক রোড, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

৩৫। সভাপতি, Bangladesh Knitwear Manufacturers and Exporters Association, ২৩৩/১, বঙ্গবন্ধু রোড, প্রেস ক্লাব বিল্ডিং (২য় ও ৩য় তলা), নারায়ণগঞ্জ-১৪০০।

বিতরণঃ

৩৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

৩৭। প্রথম সচিব (শুল্কনীতি)/ (শুল্ক মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৩৮। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমসনীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪০। অফিস কপি/গার্ডনথি।

(মোহাম্মদ মাহবুব হাসান)

দ্বিতীয় সচিব (শুল্ক মূল্যায়ন)

ই-মেইলঃ mahbub.hasan@gmail.com

